যায়যায়দিন

তারিখ JUL 06 2006
পৃষ্ঠা ১৫ কলাম ৭

# প্রায় অভিন্ন দাবি নিয়ে আন্দোলনে ৪ মোর্চায় ৩৫ শিক্ষক সংগঠন

## বেসরকারি স্কুল-কলেজে লাগাতার ধর্মঘট : কারো আজ কারো পরশু থেকে

যাযাদি রিপোর্ট

প্রায় অভিন্ন দাবি-দাওয়া নিয়ে মাধ্যমিক পর্যায়ের সরকার ও বিরোধী দল সমর্থক শিক্ষকদের ৩৫টি সংগঠন চারটি পৃথক মোর্চায় আন্দোলন শুরু করেছে। গতকাল বুধবার বেসরকারি স্কুল-কলেজে ধর্মঘট পালন করেছে বিরোধী দল সমর্থক জাতীয় শিক্ষক-কর্মচারী ফ্রন্ট।

আগামী ৮ জুলাই থেকে লাগাতার ধর্মঘটে যাওয়ার ঘোষণাও দিয়ে রেখেছে তারা। পাশাপাশি দেশের সব জেলা-উপজেলায় সরকারের নির্বাচনী ম্যানিফেস্টোর শিক্ষা সংক্রান্ত অবাস্তবায়িত অংশে কালো কালির ক্রস দিয়ে ধিক্কার ও প্রতিবাদ কর্মসূচি পালন করেছে। আজ বৃহস্পতিবার থেকে অনির্দিষ্টকালের ধর্মঘট শুরু করছে সরকার সমর্থক ও শিক্ষামন্ত্রীর ঘনিষ্ঠ বলে পরিচিত শিক্ষক-কর্মচারী ঐক্যজোট। তারা গতকাল দু'ঘণ্টার কর্মবিরতিও পালন করেছে। আগামী রবিবার থেকে লাগাতার ধর্মঘটে যাচ্ছেন শিক্ষা প্রতিমন্ত্রীর ঘনিষ্ঠ বলে পরিচিত শিক্ষক-কর্মচারী

পৃষ্ঠা >> কলাম

## প্রায় অভিন্ন দাবি নিয়ে আন্দোলনে

(শেষ পৃষ্ঠার পর)

ঐক্যজোটভুক্ত শিক্ষকরা। ৮ জুলাই থেকে ধর্মঘট শুরু করবে বিরোধী দল সমর্থক বাংলাদেশ শিক্ষক-কর্মচারী ঐক্য পরিষদ। আলাদা আন্দোলন কর্মসূচি দিলেও শিক্ষকদের প্রধান দাবি এখন একটাই, বর্তমান জোট সরকারের নির্বাচনী প্রতিশ্রুতি অনুযায়ী শিক্ষক-কর্মচারীদের ১০% বেতন বাড়িয়ে ১০০ শতাংশে উন্নীত করতে হবে।

শিক্ষকদের আন্দোলন সম্পর্কে সরকারের মনোভাব জানার জন্য গত রাতে শিক্ষা প্রতিমন্ত্রী আ ন ম এহছানুল হকের সঙ্গে যোগাযোগ করলে তিনি যায়যায়দিনকে বলেন, গত পাঁচদিন ধরে নির্বাচনী এলাকায় থাকায় এ সম্পর্কে লেটেস্ট ডেভেলপমেন্ট তার জানা নেই। তিনি এ বিষয়ে কোনো মন্তব্য করতে চান না। তিনি এ ব্যাপারে শিক্ষামন্ত্রীর সঙ্গে যোগাযোগ করার পরামর্শ দেন। তবে শিক্ষামন্ত্রীর সঙ্গে গত দু'দিনে মোবাইল ফোনে যোগাযোগের চেষ্টা করেও তাকে পাওয়া যায়নি।

আন্দোলনরত শিক্ষকদের অন্যান্য উল্লেখযোগ্য দাবির মধ্যে রয়েছে- ১৯৯১-এর বদলে বর্তমান স্কেলে চিকিৎসা ভাতা ও প্রবৃদ্ধি, পদোন্নতি ও পূর্ণাঙ্গ উৎসব ভাতা, ১০০ টাকার বদলে বাস্তব পরিস্থিতি অনুযায়ী বাড়ি ভাড়া এবং বিনা বেতনে কর্মরতদের নতুন এমপিও বাবদ সুনির্দিষ্ট অর্থ বরাদ্দ, দ্রব্যমূল্যের অসহনীয় বৃদ্ধির কারণে ৬৫% মহার্ঘ ভাতা, কর্মচারীদের চাকরিবিধি পরিবর্তন, সব স্টপ পেমেন্ট আদেশ প্রত্যাহার।

জাতীয় শিক্ষক-কর্মচারী ফ্রন্টের আহ্বানে গতকাল সারা দেশের বেসরকারি স্কুল-কলেজে আংশিক ধর্মঘট পালিত হয়েছে। ফ্রন্টের প্রধান সমন্বয়কারী ও আহ্বায়ক অধ্যক্ষ কাজী ফারুক আহম্মেদ যায়যায়দিনকে বলেন, মফস্বল এলাকায় সর্বাত্মক ধর্মঘট পালিত হয়েছে। রাজধানীতে নানা প্রশাসনিক চাপের পরও ধর্মঘট সফল হয়েছে বলে তিনি দাবি করেন।